

বারি ও সিমিটের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এবং ইন্টারন্যাশনাল মেইজ অ্যান্ড হুইট ইমপ্রুভমেন্ট সেন্টারের (সিমিট) মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান মঙ্গলবার রাজধানীর গুলশানে সিমিটের বাংলাদেশ লিয়াজো কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। বারির মহাপরিচালক ড. মো. আবদুল ওহাব এবং সিমিটের মহাপরিচালক প্রফেসর ড. মার্টিন ক্রোপ নিজ নিজ পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। ওই সমঝোতা স্মারকের মাধ্যমে উভয় পক্ষ ফসল গবেষণা, উন্নয়ন এবং কৃষিতাত্ত্বিক কার্যক্রমের উন্নতিতে একে অপরকে সহযোগিতা করবে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বারির পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ উইং) ড. মো. মিরাকদ্দিন, ফার্ম মেশিনারি অ্যান্ড পোস্টহারভেস্ট প্রসেস ইঞ্জিনিয়ারিং বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আইয়ুব হোসেন এবং সিমিটের কান্ট্রি লিয়াজো অফিসার ড. ঠাকুর প্রসাদ তেওয়ারীসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি

ভোয়ের দর্পণ

বারি ও সিমিট এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

গাজীপুর প্রতিনিধি •

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এবং ইন্টারন্যাশনাল মেইজ এন্ড হাইট ইমপ্রুভমেন্ট সেন্টার (সিমিট) এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান গতকাল মঙ্গলবার রাজধানীর গুলশানে সিমিটের বাংলাদেশ লিয়াজো কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। বারি'র মহাপরিচালক ড. মো. আব্দুল ওহাব এবং সিমিট এর মহাপরিচালক প্রফেসর ড. মার্টিন ক্রোপ নিজ নিজ পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। উক্ত সমঝোতা স্মারকের মাধ্যমে উভয় পক্ষ ফসল গবেষণা, উন্নয়ন এবং কৃষিতাত্ত্বিক কার্যক্রমের উন্নতিতে একে অপরকে সহযোগিতা করবে। উভয় পক্ষ তাদের গবেষণা কর্মসূচি এগিয়ে নিতে একে অপরের মধ্যে প্রযুক্তির বিনিময় করবে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বারি'র পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ উইং) ড. মো. মিয়াবুল হক, ফার্ম মেশিনারী এন্ড পোস্টহারভেস্ট প্রসেস ইঞ্জিনিয়ারিং বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আইয়ুব হোসেন এবং সিমিট এর কান্ট্রি লিয়াজো অফিসার ড. ঠাকুর প্রসাদ তেওয়ারী সহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

